

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৭৯

আগরতলা, ২৮ ডিসেম্বর, ২০২৩

বিধায়ক সুরজিৎ দত্তের প্রয়াণে রাজ্যপালের শোক

বিধায়ক সুরজিৎ দত্তের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। এক শোকবার্তায় রাজ্যপাল বলেন, ‘রামনগর বিধানসভা কেন্দ্রের বিধায়ক সুরজিৎ দত্তের প্রয়াণে আমি মর্মান্বিত। প্রয়াত বিধায়ক সুরজিৎ দত্ত ১৯৮৮ থেকে ১৯৯৩ পর্যন্ত রাজ্য মন্ত্রিসভার সদস্য ছিলেন। তিনি সাধারণ জীবন যাপন করতেন এবং রাজ্যের সেবায় নিজেকে উৎসর্গ করেছিলেন। মন্ত্রীর দায়িত্বে থাকাকালীন সময়ে ত্রিপুরার অগ্রগতিতে এবং যুবকদের উন্নয়নে কাজ করে গেছেন। তাঁর প্রয়াণ ত্রিপুরা রাজ্যের জন্য এক অপূরণীয় ক্ষতি।

আমি তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে সমব্যথী। আমার প্রার্থনা ঈশ্বর যেন এই অপূরণীয় ক্ষতি বহন করার শক্তি তাঁর পরিবারের সদস্যদের দেন। আমি পরিবারের সদস্যদের প্রতি সহমর্মিতা জানাচ্ছি।’
